

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/বন এম এম বিএন-১, ঢাকা।			
ডায়েরী নং- ১০১০	তারিখ- ১৭/০৬/২০	অনুমোদিতঃ	
সং: স:	সং: প্র:	সং: বি: প্র:	নি: প্র:
			N

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর

হিসাব শাখা-১

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.৪১.০৮৪.২১.৪৩৬

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩০

০৫ জুন ২০২৩

বিষয়: "বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, নরসিংদী এর আধুনিকায়ন ও অবকাঠামোগত সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প এর পূর্ত নির্মাণ কাজের জন্য চেকের মাধ্যমে ৩৫.২৫ লক্ষ টাকা বরাদ্দ।

সূত্র: পরিচালক, "বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, নরসিংদী এর আধুনিকায়ন ও অবকাঠামোগত সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প, সাহেপ্রতাপ, নরসিংদী এর স্মারক স্মারক নং-২৪.০৫.০০০০.৫৪৩.০২.০১৫.২২-১৩৬ তারিখ-৩০/০৩/২০২৩ খ্রিঃ এর প্রেক্ষিতে (কপি সংযুক্ত)।

উপরোক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে প্রকল্প পরিচালক, "বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, নরসিংদী এর আধুনিকায়ন ও অবকাঠামোগত সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প, সাহেপ্রতাপ, নরসিংদী কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট চেকের মাধ্যমে ন্যস্বকৃত ৩৫.২৫ লক্ষ (পঁয়ত্রিশ লক্ষ পঁচিশ হাজার) টাকার চেক যার নাম্বার-CG-৫০-১৭৬৪৬০৮ তারিখ -৩০/০৩/২০২৩ খ্রিঃ সোনালী ব্যাংক লিঃ, সাঁটিয়াপাড়া শাখা, নরসিংদী হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের এনডোর্স পূর্বক প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক খরচ করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে অত্র দপ্তরে দাখিল করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

- (১) প্রত্যাশী সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
 - (২) কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশী সংস্থার নিকট হতে প্রত্যয়ন প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
 - (৩) বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব অত্র দপ্তরে ও প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
 - (৪) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী দায়ী থাকবে।
 - (৫) প্রকল্প পরিচালকের দপ্তরের কোড ওয়ারি অর্থের বিভাজনসহ বর্ণিত শর্তসমূহ প্রতিপালন করতে হবে।
- সংযুক্তি- বর্ণনামতে ৩৫.২৫ লক্ষ টাকার চেক।

৫-৬-২০২৩

মোঃ মাহাবুব হাসান

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) (অতিরিক্ত দায়িত্ব)